অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্থায়ী সহায়তামূলক আবাসন প্রকল্পগুলোর জন্য 35 মিলিয়ন ডলারের তহবিল লভ্য রয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে প্রদান করা এই তহবিলের জন্য প্রস্তাব জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে

এসব অনুদান স্টেটজুড়ে 1,400 সহায়তামূলক আবাসিক ইউনিট পরিচালনার ব্যয় প্রদান করবে

স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন প্রকল্পগুলোর জন্য সহায়তামূলক পরিষেবাসমূহ প্রদান করতে গভর্নর ক্যাথি হোকল আজ 35 মিলিয়ন ডলারের তহবিল লভ্য হওয়ার ঘোষণা দিয়েছেন। এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে প্রদানকৃত তহবিলের এই সপ্তম রাউন্ড 1,400 ইউনিট স্থায়ী সহায়তামূলক আবাসন পরিচালনার ব্যয় পরিশোধে সাহায্য করবে যা নিউ ইয়র্কের ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে আবাসনের অস্থিতিশীলতা কমিয়ে আনতে সাহায্য করবে।

"অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি গড়ে তুলতে এবং সব নিউ ইয়র্কবাসীর বাড়ি বলার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী জায়গা থাকার বিষয়টি নিশ্চিত করতে আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো সহায়ক আবাসন," **বলেছেন গভর্নর হোকল।** "এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে আজ ঘোষিত হওয়া এই অনুদান আবাসনের অস্থিতিশীলতার মূল কারণগুলো মোকাবেলা করা এবং আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ ও প্রান্তিক জনগোষ্ঠীর সমৃদ্ধির ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

এই উদ্যোগের নেতৃত্বে থাকা প্রোকিউরমেন্ট এজেন্সি - স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) - আজ এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের জন্য প্রস্তাব জমা দেওয়ার আহবান জানিয়েছে, যা ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে সেবা দেওয়ার জন্য কাজ করা আটটি স্টেট সংস্থার আন্তঃসংস্থা ওয়ার্কগ্রুপগুলোর মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়েছে। এই উদ্যোগ গৃহহীন অবস্থায় থাকা ভেটেরান এবং তাদের পরিবার; ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী; প্রবীণ বা দুর্বল বয়স্ক ব্যক্তি; কারাভোগ করার, গৃহহীন অবস্থায় থাকার, অথবা ফস্টার কেয়ারে থাকার ইতিহাস রয়েছে এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি; দীর্ঘদিন ধরে গৃহহীন অবস্থায় থাকা ব্যক্তি ও পরিবারগুলো; বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তি; কারাগার থেকে বের

হয়ে পুনরায় সমাজে প্রবেশ করতে যাচ্ছেন এমন ব্যক্তি; HIV বা এইডস, গুরুতর মানসিক অসুস্থতা এবং/অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত হয়ে বসবাস করছেন এমন ব্যক্তিদেরকে সেবা প্রদানকারী সহায়তামূলক পরিষেবা প্রদানকারীদের জন্য কার্যপরিচালনার তহবিল প্রদান করে।

প্রকল্পগুলো স্থায়ী সহায়তামূলক আবাসিক ইউনিট পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিষেবা ও কার্যপরিচালনার ব্যয় বহনের জন্য প্রতি বছর প্রতি ইউনিটের জন্য 25,000 ডলার পর্যন্ত পেতে পারে। আবেদনকারীরা তাদের আবাসন প্রকল্পের উন্নয়ন ও নির্মাণের অর্থায়নের জন্য পৃথক মূলধন তহবিল প্রাপ্ত করবে বলে আশা করা হচ্ছে।

এই উদ্যোগের মাধ্যমে প্রদানকৃত তহবিল টার্গেটকৃত উপযুক্ত জনগোষ্ঠীর আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করতে তাদেরকে ভাড়া সংক্রান্ত সহায়তা ও পরিষেবাসমূহ প্রদানের জন্য ব্যবহার করা যাবে। অনুমোদিত ব্যবহারগুলোর মধ্যে ভাড়া সংক্রান্ত ভর্তুকি এবং বাসস্থান ধরে রাখার অন্যান্য খরচ; আবাসনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের শনাক্ত করা ও খুঁজে বের করার জন্য পরিষেবা বা কর্মী; প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা; কর্মসংস্থান ও কারিগরি প্রশিক্ষণ; শিক্ষাগত সহায়তা, সন্তান লালন-পালনের দক্ষতা উন্নয়ন ও সহায়তা; চাইল্ড কেয়ার সহায়তা; কাউন্সেলিং ও সংকটকালীন মধ্যস্থতা; শিশুদের পরিষেবা, যেমন শিক্ষা সংক্রান্ত পরামর্শ, সহায়তা ও কাউন্সেলিং; এবং ব্যক্তি ও পরিবারগুলোকে স্থিতিশীল আবাসনে থাকতে সাহায্যকারী পরিষেবাগুলোর সাথে সম্পর্কিত ব্যয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

গবেষণায় দেখা গেছে যে স্থায়ী সহায়তামূলক আবাসন কর্মসংস্থান, স্কুলে উপস্থিতির হার, এবং মানসিক ও শারীরিক সুস্থতার উপর একটি ইতিবাচক প্রভাব ফেলার পাশাপাশি আশ্রয়কেন্দ্র, হাসপাতালের বেড, ইমার্জেন্সি রুম, কারাগার, ও জেলখানার চাহিদা কমিয়ে আনে। এছাড়াও সহায়তামূলক আবাসন প্রকল্পগুলো নতুন ভবন নির্মাণ অথবা বিদ্যমান ভবনগুলো সংস্কার করার মাধ্যমে আশেপাশের এলাকাগুলোতে ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

এই এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করে তোলার জন্য গভর্নর হোকলের সাহসী স্টেটব্যাপী পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2023 অর্থবছরের স্টেট বাজেটে গভর্নর হোকল 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "ESSHI কর্মসূচি এবং সহায়তামূলক আবাসনের প্রতি গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা হাজার হাজার অরক্ষিত ব্যক্তি ও পরিবারের জন্য নতুন সুযোগ এনে দিয়েছে। সহায়তামূলক আবাসন একটি শক্তিশালী সংস্থান যা লোকজনকে তাদের নিজ বাড়িতে ও নিজেদের কমিউনিটিতে উৎপাদনমুখী, সফল ও পরিপূর্ণ জীবন যাপন করতে সাহায্য করে, এবং এই তহবিলপ্রাপ্তির

সুযোগ প্রদান করতে স্টেট সরকারে আমাদের অংশীদারদের সঙ্গে যোগদান করতে পেরে OMH-এ আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসনের অ্যাক্সেস শুধু যে নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করে তাই নয়, বরং সরাসরি তাদের ব্যক্তিগত স্বাস্থ্যকে উন্নত করার মাধ্যমে বহু মানুষকে গৃহহীন অবস্থা থেকে বের হয়ে এসে কমিউনিটিতে স্থায়ী আবাসনে বসবাস করার সক্ষমতা প্রদান করে। এটি অন-সাইট সামাজিক পরিষেবা সহ সাশ্রয়ী আবাসন নির্মাণ করার মাধ্যমে সবচেয়ে অরক্ষিত নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার আরেকটি প্রমাণ, এবং এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ সব নিউ ইয়র্কবাসীর জন্য সামাজিক সমতা ও অর্থনৈতিক সমৃদ্ধির প্রসার ঘটায়।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "সহায়তামূলক আবাসন পরিবার ও ব্যক্তিদেরকে তাদের পছন্দের এলাকায় এবং নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো বাড়িতে স্থিতিশীল ও সুস্থ জীবন অর্জনের সুযোগ প্রদান করে। এই সফল এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের রাউন্ড 7 নিউ ইয়র্কের আরো 1,400 পরিবারকে সাহায্য করতে 35 মিলিয়ন ডলার লভ্য করবে। গৃহহীনতা ও আবাসনের অনিরাপত্তার বিরুদ্ধে লড়াইয়ের জন্য গভর্নর হোকলের দীর্ঘদিন ধরে চলে আসা অঙ্গীকারাবদ্ধতার কল্যাণে, আমরা অন্তর্ভুক্তিমূলক সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প নির্মাণ ও সংরক্ষণ করা চালিয়ে যাবো যা অধিকতর শক্তিশালী এবং আরো বেশি সমতাপূর্ণ কমিউনিটি গড়ে তুলবে।"

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "গভর্নর হোকল স্বীকার করেন যে গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য আবাসন প্রদান করতে ইট-কাঠের তৈরি ভবনের চেয়েও বেশি কিছু প্রয়োজন, এবং এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ এসব প্রচেষ্টার ক্ষেত্রে অত্যন্ত গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আবাসন ও সহায়তামূলক পরিষেবার সম্মিলন আমাদের সঙ্গী নিউ ইয়র্কবাসীদের মধ্যে সবচেয়ে অরক্ষিত অবস্থায় থাকা কিছু মানুষের জীবনে স্থিতিশীলতা নিয়ে আসতে সাহায্য করতে পারে, যা তাদেরকে নতুন আশা এবং একটি উন্নত জীবনের সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেটের বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities)-এর কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "গভর্নরের এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তাগুলো পাওয়ার পাশাপাশি স্বনির্ভরভাবে জীবনযাপন করার অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করা অব্যাহত রেখেছে। প্রত্যেক বছর এই কর্মসূচির সম্প্রসারণের মধ্য দিয়ে আরো বেশি মানুষ তাদের নিজেদের একটি ঠিকানা পাওয়ার স্বপ্নকে পূরণ করতে সক্ষম হচ্ছেন। নিজেদের বাড়িতে বসবাস করার এবং নিজেদের কমিউনিটিগুলোতে অংশগ্রহণ করার জন্য সহায়তা প্রদান করার মাধ্যমে বিকাশ সংক্রান্ত

অক্ষমতায় আক্রান্ত আরো বেশি নিউ ইয়র্কবাসীকে আশা, গর্ব, ও সন্তুষ্টি প্রদানের জন্য এবছর আবারো এই কর্মসূচিকে সহায়তা করতে পেরে OPWDD আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "যুক্তরাষ্ট্রে মহিলা ও শিশুদের গৃহহীন অবস্থার সম্মুখীন হওয়ার প্রধান কারণ হচ্ছে ঘরোয়া সহিংসতা। নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস ছাড়া, লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ভুক্তভোগীদেরকে প্রায় ক্ষেত্রেই গৃহহীন অবস্থায় থাকা অথবা আজীবন নিপীড়ন সহ্য করে যাওয়া এই দুইয়ের মধ্যে একটি বেছে নিতে বাধ্য করে। এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ এই গুরুত্বপূর্ণ চাহিদা মোকাবেলা করে এবং আরো বেশি ভুক্তভোগীর জন্য একটি স্বাধীন জীবন অর্জনের সুযোগ তৈরি করে। আবাসনের স্থিতিশীলতা এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার মধ্যকার সংযোগ অনুধাবন করেন এবং নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদানকারী ভুক্তভোগী-কেন্দ্রিক উদ্যোগগুলোকে সহায়তা করেন এমন একজন গভর্নরের অধীনে দায়িত্ব পালন করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের জন্য নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি স্থিতিশীল ও নিরাপদ স্থান থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে আরো বেশি সহায়তামূলক আবাসন তৈরি করতে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি কৃতজ্ঞ। এসব নতুন ইউনিটের কল্যাণে আরো বেশি নিউ ইয়র্কবাসী তাদের স্বাস্থ্যের ক্ষেত্রে সহায়তা করার জন্য তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো অ্যাক্সেস করতে সক্ষম হবেন।"

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services)-এর কমিশনার শেইলা জে. পুলি বলেন, "তারা ইতোপূর্বে গৃহহীন অবস্থায় থাকুক, ফস্টার কেয়ারে থেকে বেড়ে উঠুক অথবা কোনো কৈশোরকালীন বিচারিক প্লেসমেন্ট থেকে মুক্ত হয়ে কমিউনিটিতে ফিরে আসুক, যাইহোক না কেন তরুণ প্রাপ্তবয়স্কদের জীবনে সফল হওয়ার জন্য স্থিতিশীল আবাসন প্রয়োজন। নিরাপদ ও সহায়তামূলক আবাসন তরুণ ব্যক্তিদেরকে তাদের প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করে যাতে তারা উৎপাদনমুখী ও সুস্থ জীবন যাপনে সহায়তা করার জন্য শিক্ষা, কর্মসংস্থান অথবা কোনো কারিগরি শিক্ষা অর্জনের দিকে মনোযোগ দিতে পারে।"

###